

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪২১৪

পর্ব ২১: খাদ্য (১৯৯১)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ

الْفَصْلُ الثَّانِي

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: أَتَى رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِلَحْمٍ فَرُفِعَ إِلَيْهِ الذِّرَاعُ وَعَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: أَتَى رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِلَحْمٍ فَرُفِعَ إِلَيْهِ الذِّرَاعُ وَكَانَتْ تُعْجِبُهُ فَنَهَسَ مِنْهَا. رَوَاهُ التِّرْمِذِيُّ وَابْن مَاجَه

বাংলা

8২১৪-[৫৬] আবৃ হুরায়রা (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, একদিন রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর জন্য কিছু মাংস আনা হলো এবং তাঁর সম্মুখে পাঁজরের অংশটিই রাখা হলো। তিনি তা খেতে খুব বেশি পছন্দ করতেন। তাই তিনি তা হতে দাঁত দিয়ে কামড়িয়ে খেলেন। (তিরমিয়ী ও ইবনু মাজাহ)[1]

ফুটনোট

[1] সহীহ : তিরমিয়ী ২৪৩৪, ইবনু মাজাহ ৩৩০৭, সহীহ আত্ তারগীব ওয়াত্ তারহীব ৩৬৪৪, মুসান্নাফ ইবনু আবূ শায়বাহ্ ৩৬, মুসনাদে আহমাদ ৯৬২৩, সহীহ মুসলিম (১৯৪)-৩২৭, বুখারী ৩৩৪০, সুনানুন্ নাসায়ী আল কুবরা ৬৬৬০।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (فَرُفِعَ إِلَيْهِ الذِّرَاعُ وَكَانَتْ تُعْجِبُهُ) "নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে গোশতের রান দেয়া হলো কেননা তিনি তা ভালোবাসতেন"। ইমাম নাবাবী (রহিমাহুল্লাহ) বলেনঃ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর রান ভালোবাসার কারণ হলো তা দ্রুত সিদ্ধ হয় এবং তা অধিক সুস্বাদু এবং ময়লা থেকে এর অবস্থান অধিক দূরবর্তী।

(فَنَهُسَ مِنْهَا) "অতঃপর তিনি তা দাঁত দিয়ে ছিঁড়ে খেলেন।" ইবনুল মালিক বলেনঃ দাঁত দিয়ে গোশত ছিঁড়ে খাওয়া মুস্তাহাব, কেননা তা নম্রতা ও অহংকারহীনতার প্রমাণ। (মিরক্বাতুল মাফাতীহ; তুহফাতুল আহ্ওয়াযী ৫ম



খন্ড, হাঃ ১৮৩৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন